সভায় আসার পথে বাগনানের বাইনানে হিন্দু সংহতির কর্মীদের উপর মুসলমানরা আক্রমণ করে। বাগনানের প্রমুখ কর্মী রাজমোহন মুসলমানদের আক্রমণে আহত হয়। সংহতি সভাপতি এই আক্রমণকে ধিক্কার জানিয়ে বলেন, কাপুরুষের মতো মুসলমানরা আক্রমণ চালিয়েছে আমাদের কর্মীদের উপর। সাহস থাকলে ওরা সামনাসামনি আসুক। বাগনান থানায় দুষ্কৃতিদের গ্রেফতারের দাবীতে একটি ডেপুটেশন দেওয়া হয়। ৪৮ ঘণ্টার মধ্যে দুষ্কৃতিদের গ্রেফতার না করলে হিন্দু সংহতির কর্মীরা নিজেরাই এর প্রতিকার করবে।

হিন্দু সংহতির প্রতিষ্ঠাতা ও প্রাণপুরুষ শ্রী তপন ঘোষ মহাশয় শারীরিক কারণে সভায় উপস্থিত থাকতে পারেননি। কিন্তু তাঁর আশীর্বাদ নিয়েই সংহতির নবনিযুক্ত সভাপতি দেবতনু ভট্টাচার্য্য ও কেন্দ্রীয় কমিটির সদস্যরা সাফল্যের সঙ্গেই সম্পন্ন করেছে।

হিন্দু শিশুকে অপহরণ করে খুন

এক প্রতিবেশীর ২ বছর ১০ মাস বয়সের শিশুকে অপহরণ করে খুন করলো প্রতিবেশী গোলাম মহম্মদ। মৃত শিশুটির নাম অংশু রাম। মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে হুগলি জেলার মগরা থানার অন্তর্গত বাঁশবেড়িয়া গ্রামে। পুলিশের কাছে লিখিত অভিযোগে শিশুটির বাবা জিতেন্দ্র রাম জানিয়েছেন যে, গত ২৪শে অক্টোবর, মঙ্গলবার বিকেলে তাদের সন্তান অংশ বাড়ির সামনেই খেলছিল। কিন্তু কিছুক্ষণ পরেই সে নিখোঁজ হয়ে যায়। তিনি ঐ দিনই মগরা থানায় অজ্ঞাত ব্যক্তির বিরুদ্ধে তার শিশুপুত্রকে অপহরণের অভিযোগ দায়ের করেন। পুলিশ তদন্তে নেমে ওই একই এলাকার বাসিন্দা গোলাম মহম্মদকে গ্রেপ্তার করে। পুলিশ ধৃত ব্যক্তির বিরুদ্ধে আইপিসি ৩৬৩ ধারায় মামলা দায়ের করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে জেরায় গোলাম মহম্মদ তার অপরাধ স্বীকার করে নিয়েছে। এদিকে অংশু'র মৃতদেহ উদ্ধারের পর এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। ছটফটে শিশুটির এই মর্মান্তিক মৃত্যু দেখে এলাকার মানুষ চমকে গিয়েছে। তারা ধৃত গোলাম মহম্মদের কঠিনতম শাস্তির দাবি জানিয়েছেন।

ভুল চিকিৎসায় রোগীর মৃত্যু, গ্রেপ্তার জাল ডাক্তার আমির হোসেন গাজী

উত্তর ২৪ পরগণা জেলার বসিরহাট থানার অন্তর্গত স্বরূপনগর। এলাকায় চেম্বার করতেন প্রেসক্রিপশনে এম.বি.বি.এস. লেখা ডাক্তার আমির হোসেন গাজী। তার বাড়ি বাদুড়িয়া থানার সফিরাবাদ এলাকায়। এলাকার বাসিন্দা সুমন বৈদ্য (২২) জ্বরে আক্রান্ত হলে তার মা সন্ধ্যা বৈদ্য তাকে গত ৩০শে সেপ্টেম্বর চিকিৎসক আমির হোসেনের কাছে নিয়ে যান। ওখানে চিকিৎসা করিয়েও সুমনের জ্বর না কমায় তার মা তাকে আবার ডাক্তারের কাছে নিয়ে যান। কিন্তু ডাক্তারবাবু সুমনকে ভালো করে না দেখে ওষুধ দিয়ে বলেন যে সুমন সুস্থ হয়ে যাবে। কিন্তু সুমনের অবস্থার অবনতি হওয়াতে ১লা অক্টোবর তাকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাবার পথে সুমনের মৃত্যু হয়। তার মা সন্ধ্যাদেবী স্বরূপনগর থানায় চিকিৎসক আমির হোসেন গাজীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। পুলিশ তদন্তে নেমে জানতে পারে যে ওই চিকিৎসকের ডিগ্রিটি জাল। তিনি কখনও এম.বি.বি.এস. পাশই করেননি। গত ১৭ই অক্টোবর মঙ্গলবার আমির হোসেন গাজীকে পুলিশ গ্রেপ্তার করে। বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। এলাকাবাসী তার শাস্তির দাবিতে বিক্ষোভ জানায়।

শনি মূর্তি ভাঙচুর, দুষ্কৃতি অধরা

গত ২৬শে অক্টোবর মধ্য রাত্রিতে উত্তর ২৪ পরগণা জেলার অন্তর্গত গোপালনগর থানার থানার তেঘরিয়াপোতা বাজারে শনি মন্দিরের মূর্তির মাথা ভেঙে দিল দুষ্কৃতিরা। সকালে এলাকার লোকজন এই ঘটনা দেখতে পেয়ে তৎক্ষণাৎ পুলিশে খবর দিলে তিনটি থানা গাইঘাটা, গোপালনগর, বনগাঁর আধিকারিকরা ঘটনাস্থলে ছুটে আসেন। এসে তড়িঘড়ি করে মূর্তি বিসর্জন দিয়ে দেয় যাতে কেউ কিছু বুঝতে না পারে। বর্তমানে এলাকার পরিস্থিতি থমথমে এবং পুলিশ রয়েছে ঘটনাস্থলে। হিন্দু সংহতির একটি প্রতিনিধি দল ঘটনাস্থল পরিদর্শন করে এবং স্থানীয় হিন্দু জনসাধারণের সঙ্গে কথা বলে। তবে শেষ পাওয়া খবর অনুযায়ী পুলিশ এখনো পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেনি।

ডায়মন্ডহারবারের গণধর্ষণের মূল অভিযুক্ত তিন দুষ্কৃতি গ্রেপ্তার

ডায়মন্ডহারবারের বাসুলডাঙা গ্রামে ঘরে ঢুকে হিন্দু তপশীলি ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় গ্রেপ্তার ৩ মূল অভিযুক্ত। ধৃতদের টিআই প্যারেডের জন্য আদালতে আবেদন জানিয়েছে পুলিশ। দুই জেলা থেকে তিন দুষ্কৃতিকে গ্রেফতার করল ডায়মন্ডহারবার থানার পুলিশ। পুলিশ সূত্রে দাবি, মোবাইল ফোনের সূত্র ধরে গত ২৬শে অক্টোবর, বৃহস্পতিবার মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগণা থেকে পাকড়াও করা হয়েছে সেলিম লস্কর, রশিদ লস্কর ও আমিন শেখকে।

ঘটনার সূত্রপাত, ১৯ অক্টোবর রাতে। বাড়িতে ভাইকে নিয়ে একা ছিল সপ্তম শ্রেণির ওই হিন্দু তপশীলি তপশীলি ছাত্রী। দু'জনে ঘুমিয়ে ছিল দুটি ঘরে।

অভিযোগ, হঠাৎ দরজা ভেঙে বাড়িতে ঢোকে প্রতিবেশী ৩ যুবক সেলিম, রশিদ ও আমিন। কিশোরীর গলায় ধারাল অস্ত্র ঠেকিয়ে খুনের হুমকি দেয়। তারপর গণধর্ষণ করে চম্পট দেয় অভিযুক্তরা। পরিবারের অভিযোগ ঘটনা জানাজানি হতে স্থানীয় সিপিএম নেতা বিশ্বনাথ হালদার সালিশি সভা বসিয়ে অভিযুক্তদের বাঁচানোর চেষ্টা করেন। পরে ওই সিপিএম নেতা সহ আটজনের নামে থানায় অভিযোগ দায়ের করে ছাত্রীর পরিবার। সেই ঘটনাতেই দক্ষিণ ২৪ পরগণা ও পূর্ব মেদিনীপুর থেকে মূল অভিযুক্ত তিনজনকে গ্রেফতার করে পুলিশ। ঘটনার পর থেকে এখনও ফেরার অভিযুক্ত সিপিএম নেতা। ধৃতদের টিআই প্যারেডের জন্য আদালতে আবেদন জানিয়েছে পুলিশ।

সেনা-জঙ্গি সংঘর্ষ, হত দুই লস্কর-ই-তোইবা জঙ্গি

জঙ্গি-সেনা সংঘর্ষে ফের উত্তপ্ত ভূস্বর্গ। গত ২৯শে অক্টোবর, রবিবার সকালে উত্তর কাশ্মীরের বান্দিপোরা জেলার মীর মহল্লা গ্রামের হাজিন এলাকায় জঙ্গি-সেনার গুলির লড়াই শুরু হয়। সংঘর্ষে দুই জঙ্গি আবদুল্লা ও মসিউদ্দিন নিহত হয়েছে। অন্যদিকে জম্মু ও কাশ্মীর পুলিশের জাহির আব্বাস নামে এক পুলিশ কনস্টেবল শহীদ হয়েছেন।

জম্মু ও কাস্মীর পুলিশের তরফ থেকে জানানো হয়েছে, একদল লস্কর-ই-তোইবা জঙ্গির লুকিয়ে থাকার খবর পেয়ে মীর মহল্লা গ্রামের হাজিন এলাকাটি ঘিরে ফেলে সেনাবাহিনী। পরে সেখানে তল্লাশি অভিযঅন শুরু করে তারা। তল্লাশি অভিযান চলাকালীন একদল জঙ্গি সেনাবাহিনীকে লক্ষ্য করে গুলি ছুঁড়তে থাকে। পাল্টা যোগ্য জবাব দেয় সেনা। শুরু হয় গুলির লড়াই। স্থানীয় গ্রামবাসীদের নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়া হয়েছে। জঙ্গিদের কাছ থেকে প্রচুর অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে সেনা। তবে সেনা অভিযান করার সময় ওই এলাকার স্থানীয় বাসিন্দারা সেনা ও পুলিশকে লক্ষ করে পাথর ছুঁড়তে থাকে। তাতে অভিযান কিছুটা বাধাপ্রাপ্ত হয়।

গ্রেফতার নারী পাচারচক্রের মাথা মুসলিমা বিবি

আন্তঃ রাজ্য নারী পাচারকারী চক্রের প্রধান মুসলিমা বিবি। পশ্চিমবঙ্গ ছাড়াও বিহার, উত্তরপ্রদেশ জুড়ে মেয়ে পাচারের নেটওয়ার্ক চালায় সে। সে গত একবছরে শুধু পশ্চিমবঙ্গ থেকে ৫০-এর বেশি মেয়েকে টোপ দিয়ে দিল্লি ও হরিয়ানার যৌনপল্লীতে বেচে দিয়েছে। গত কয়েকমাস আগে দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন এলাকার পাচার হয়ে যাওয়া ছ'টি মেয়েকে দিল্লির নিষিদ্ধপল্লী থেকে উদ্ধার করে নিয়ে আসেন সুন্দরবন জেলার পুলিশ আধিকারিকরা। তখন উদ্ধার হওয়া মেয়েরা পিঙ্কি পান্ডার নাম বলে। এরপর পিঙ্কি পান্ডার খোঁজে তদন্ত শুরু করতেই উঠে আসে মুসলিমা বিবির নাম—যা চমকে দেয় গোয়েন্দাদের। মুসলিমা বিবিই হিন্দু নাম পিঙ্কি পান্ডা নিয়ে গরিব পরিবারের হিন্দু মেয়েদেরকে দিল্লিতে মোটা মাইনের কাজ পাইয়ে দেবার টোপ দিত। আর সেই ফাঁদে পা দিলেই তাদেরকে দিল্লি ও হরিয়ানায় যৌনপল্লীতে বিক্রি করে দিত। ২০শে অক্টোবর রাতে মুসলিমা বিবিকে দিল্লির অভিজাত এলাকার ফ্ল্যাট থেকে গ্রেপ্তার করলো পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ।

হেরোইনসহ তিনজন, কাশির সিরাপসহ দুইজন গ্রেপ্তার

কয়েক লক্ষ টাকার হেরোইন সহ তিনজনকে গ্রেপ্তার করেছে লালগোলা থানার পুলিশ। গত ২৭শে অক্টোবর, শুক্রবার সন্ধ্যায় মুর্শিদাবাদ জেলার লালগোলা থানায় চুয়াপুকুর মোড় থেকে ওই তিনজনকে ধরা হয়। ধৃতদের নাম রিয়াজুদ্দিন শেখ, আবদুস সালাম ও মহম্মদ মৈজুল শেখ। লালগোলা এলাকাতেই ধৃতদের বাড়ি। পুলিশ জানিয়েছে, সূত্র মারফত খবর পেয়ে তাদের ধরা হয়। ধৃতদের কাছ থেকে ৮৬০ গ্রাম হেরোইন উদ্ধার হয়েছে। যার দাম প্রায় ৯০ লক্ষ টাকা।

অন্যদিকে, বৃহস্পতিবার রাতে ২০০ বোতল কাশির সিরাপ সহ দু'জনকে গ্রেপ্তার করেছে রানিনগর থানার পুলিশ। ধৃদের নাম মোহাইমিন হক ও জাকিবুল ইসলাম। প্রথমজন শেখপাড়া ও দ্বিতীয়জন কামারপাড়ার বাসিন্দা। পুলিশ জানিয়েছে, কাশির সিরাপ ভর্তি ব্যাগ নিয়ে ধৃতরা বাংলাদেশ সীমান্তের দিকে যাচ্ছিল। নির্দিষ্ট সূত্রে খবর পেয়ে তাদের ধরা হয়েছে।

হিন্দু যুবতীকে অপহরণ

ঘটনাটি আসামের উদারবন্দের। গত ১৯শে অক্টোবর, বৃহস্পতিবার হিন্দু যুবতীকে অপহরণ করতে গিয়ে জনতার হাতে ধরা পড়ে যায় এক যুবক। ধৃত যুবক রংপুর চতুর্থ খণ্ডের বাসিন্দা মাখনউদ্দিন লস্করের ছেলে রিয়াজুল আহমেদ লস্কর (২৫)। তার বিরুদ্ধে উধারবন্দ থানায় অভিযোগ দায়ের করেছেন যুবতীর ভাই, এফ আই অঅর নম্বর ২১৯/১৭। শনিবার ২১শে অক্টোবর ধৃতকে শিলচর আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেপাজতের নির্দেশ দেন। স্থানীয় সূত্রে জানা গেছে, রিয়াজুল আহমেদ শিলচর কালীবাড়ি চরের এক হিন্দু যুবতীকে কালীপুজো দেখানোর নাম করে একটি ভাড়া করা অল্টো গাড়ি নিয়ে বের হয়। সারারাত ঘোরাঘুরি করার পর শুক্রবার রাত দেড়টা নাগাদ উধারবন্দ কালীবাড়ি রোডে দ্রুতগতিতে যাওয়ার সময় ইয়ং বয়েজ ক্লাবের ছেলেদের নজরে পড়ে যায় গাড়িটি। তারা পিছু ধাওয়া করে কান্দিগ্রামে গাড়িটিকে আটক করে। ভিতরে অচৈতন্য অবস্থায় হিন্দু যুবতীকে পাওয়া যায়। ঘটনার খবর উধারবন্দ থানায় জানালে থানার এসআই আহমেদ হোসেন মজুমদার ঘটনাস্থলে আসেন। তিনি যুবক যুবতীকে থানায় নিয়ে যান। ২১শে অক্টোবর, শনিবার সকালে যুবতীর ভাই রাজু কর রিয়াজুলের বিরুদ্ধে অপহরণের অভিযোগ দায়ের করেন।

মুসলিম মেয়েকে বিয়ে করায় হিন্দু যুবককে হেনস্থা গঙ্গাসাগরে

প্রায় বছর তিনের আগে ২০১৪ সালের ১৪ই আগস্ট গঙ্গাসাগরের বাগবাজার এলাকার বাসিন্দা বিবেকানন্দ বারিক গায়েনবাজারের বাসিন্দা নাসরিন খাতুনকে হিন্দু শাস্ত্রমতে বিয়ে করেন। তারপরে তারা রোজিস্ট্রিও করেন। কিন্তু তারপরেও তারা পুলিশি হেনস্থার সম্মুখীন হয়েছেন বারবার।

ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগর কোস্টাল থানা এলাকায়। গত ২৩শে অক্টোবর, সোমবার রাতের অন্ধকারে পুলিশ ওই দম্পতির বাড়িতে গিয়ে তরুণীকে জোর করে থানায় তুলে নিয়ে আসে বলে অভিযোগ। অন্যদিকে, তরুণীর স্বামীকে পুলিশ বিভিন্ন ভাবে হুমকি দিচ্ছে বলেও অভিযোগ উঠেছে। মঙ্গলবার, ২৪শে অক্টোবর ডায়মন্ড হারবার মহকুমা আদালতে তোলা হলে বিচারক ওই মহিলার পক্ষেই রায় দিয়েছেন। কিন্তু কেন পুলিশি ওই দম্পতিকে এভাবে হেনস্থা করল, তা নিয়েই প্রশ্ন উঠছে বিভিন্ন মহলে।

অভিযোগ, বিয়ের পর নাসরিনের বাবা শেখ নূর মহম্মদ, ডায়মন্ড হারবার থানার বিবেকানন্দর বিরুদ্ধে বিরুদ্ধে তাঁর মেয়েকে অপহরণের অভিযোগ দায়ের করেন এবং তারপর থেকেই শুরু হয় পুলিশি অত্যাচার। নাসরিনের আইনজীবীর দাবি, গত তিন বছর ধরে পুলিশ কোন তদন্তই করেনি, এই মামলার কোনওরকম চার্জশিট দেয়নি, কোনও নোটিসও দেয়নি। তা সত্ত্বেও কিভাবে রাতের অন্ধকারে তাকে গ্রেফতার করা হল। অন্যদিকে, নাসরিনের পরিবারের তরফ থেকেও ওই দম্পতিকে প্রাণনাশের হুমকি দেওয়া হতো। সেই কারণে বিয়ের পরেই স্বামী স্ত্রী গুজরাতের সুরাটে চলে যান। সেখানেই সংসার পাতেন। তবে বছরে দু'একবার গঙ্গাসাগরের বাড়ি ফিরতেন ওই দম্পতি। সব ঠিকঠাকই চলছিল, হঠাৎ সোমবার রাতে গঙ্গাসাগর কোস্টাল থানার পুলিশ এসে তুলে নিয়ে যায় নাসরিনকে। ওই রাতেই তাঁকে ডায়মন্ড হারবার থানায় স্থানান্তরিত করা হয়। মঙ্গলবার তাঁকে ডায়মন্ড হারবার মহকুমা আদালতে তোলে পুলিশ। যদিও বিচারকের সামনে সমস্ত নথিপত্র দেখিয়েও গোপন জবানবন্দি দেওয়ার পরে বিচারক নাসরিনকে মুক্তি দেন। বিচারক তাঁর নির্দেশে জানান, নাসরিন একজন প্রাপ্তবয়স্ক মহিলা হওয়ায় তিনি নিজের ইচ্ছেতেই বিয়ে করেছেন। আদালতের এই রায়ে খুশি ওই দম্পতি। তাঁরা এবার শান্তিতে সংসার করতে চান বলেও জানিয়েছেন।

অস্ত্রসহ গ্রেপ্তার সইফুল ইসলাম

গত ২৩শে অক্টোবর, সোমবার সন্ধ্যায় জলপাইগুড়ির রাজবাড়ি এলাকা থেকে আগ্নেয়াস্ত্র সহ এক যুবককে গ্রেফতার করে কোতোয়ালি থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম সইফুল ইসলাম। তার বাড়ি উত্তর ২৪ পরগণার বরানগরে। ধৃতের কাছ থেকে একটি পিস্তল ও পাঁচ রাউন্ড গুলি উদ্ধার হয়েছে। জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার ইন্দিরা মুখোপাধ্যায় বলেন, গোপনসূত্রে খবর পেয়ে রাজবাড়ি পাড়া এলাকা থেকে ওই দুষ্কৃতিকে গ্রেপ্তার করা হয়। কি কারণে ওই যুবক অস্ত্র নিয়ে এসেছিল, তা তদন্ত করে দেখছে পুলিশ।

অঙ্গনওয়াড়ি কেন্দ্রে চুরি

পূর্ব মেদিনীপুর জেলার খেজুরির কশাড়িয়া এলাকায় একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে চুরির ঘটনায় যুক্ত থাকার অভিযোগে একজনকে গ্রেপ্তার করল সংশ্লিষ্ট তালপাটিঘাট কোস্টাল থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম শেখ সাদ্দাম হুসেন। তার বাড়ি খেজুরিরই নিজকসবা গ্রামে। বৃহস্পতিবার তাকে কাঁথি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিন জেল হেপাজতের নির্দেশ দেন।

আসামের হিন্দু সংহতি কর্মী সন্দীপন দাসের অকালপ্রয়াণ

আসামের শিলচরের ঘুঙঘুর থানা এলাকার মেহেরপুর এলাকার বাসিন্দা হিন্দু সংহতির সক্রিয় কর্মী তরতাজা যুবক সন্দীপন দাস মাত্র ১৯ বছর বয়সে অকালে মারা গেলেন। সে হিন্দু সংহতির সক্রিয় কর্মী ছিল। হিন্দু সংহতির কর্মীদের কাছে সে ছিল তাদের প্রিয় 'স্যান্ডি'। সন্দীপন শিলচর গুরুচরণ কলেজের প্রথম বর্ষের ছাত্র ছিল। গত ২৫শে অক্টোবর, বুধবার রাত্রে হঠাৎই সন্দীপন অসুস্থ হয়ে পড়ে। তড়িঘড়ি তাকে তার বাবা ও স্থানীয় হিন্দু সংহতির কর্মীরা শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে পরেরদিন সকালে বৃহস্পতিবার, ২৬শেঅক্টোবর তার মৃত্যু হয়। ডাক্তাররা জানিয়েছেন, সন্দীপন সিভিয়ার জন্ডিস রোগে ভুগছিল। তার বাবা সুবোধবাবু জানিয়েছেন যে তার ছেলের শরীরের লক্ষণ ছিল না। এদিকে সন্দীপনের মৃত্যুতে হিন্দু সংহতির সভাপতি দেবতনু ভট্টাচার্য শোকপ্রকাশ করে বলেছেন, ''সন্দীপন তুমি একজন যোদ্ধা। তুমি সবসময় আমাদের হৃদয়ে থাকবে। তোমার আত্মার শান্তি কামনা করি।'' সন্দীপনের অকালপ্রয়াণে পুরো আসামের হিন্দু সংহতির কর্মীদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। মৃত্যুর খবর পাওয়ার পর শিলচরের বিভিন্ন প্রান্তের হিন্দু সংহতি কর্মীরা হাসপাতালে জড়ো হয়। পরে গাড়িতে করে হিন্দু সংহতি কর্মীরা তার বাড়িতে সন্দীপনের দেহ পৌঁছে দেয়।

হিন্দু বান্ধবীর আপত্তিকর ছবি পোস্ট

সোশ্যাল মিডিয়ায় প্রাক্তন গার্লফ্রেন্ডের ছবি পোস্ট করার অভিযোগে গ্রেফতার হয়েছে এক যুবক। গত ২০শে অক্টোবর শুক্রবার পুলিশ মহম্মদ আফজলকে হাইলাকান্দি শহর থেকে গ্রেপ্তার করে।

পুলিশ সূত্রে প্রকাশ, উভয়ের মধ্যে একসময় বন্ধুত্ব ছিল। কিছুদিন পর তাঁদের সম্পর্কে টানাপোড়েন দেখা দেয়। এভাবে কিছুদিন চলার পর যুবকটি তাঁর পূর্ব পরিচিত যুবতীর আপত্তিজনক কিছু ছবি ফেসবুকে আপলোড করে। যুবতীর পরিবারের লোকজন ঘটনাটি জানতে পেরে তাঁরা এ ব্যাপারে পুলিশে অভিযোগ দায়ের করেন। পুলিশ মামলাটি নথিভুক্ত করে তদন্ত শুরু করে।

তদন্তে নেমে হাইলাকান্দির পুলিশ অভিযুক্ত যুবকের ভাইকে থানায় ঢেকে এনে জিজ্ঞাসাবাদ চালায়। অভিযুক্তের ভাইকে ছেড়ে দেওয়ায় চাপ বাড়তে থাকে পুলিশের উপর। এরপর শনিবার অভিযুক্ত যুবক মহম্মদ আফজলকে আইটি অ্যাক্টে গ্রেফতার করে পুলিশ। অবশ্য গ্রেফতারের আগে আফজল হাইলাকান্দির থানায় এসে আত্মসমর্পণ করেছিল।

ফেসবুক কাণ্ডের ব্যাপারে হাইলাকান্দি সদর থানার ওসি সুরজিৎ চৌধুরী বলেন, ফেসবুকে যুবতীর আপত্তিজনক ফটো আপলোড করার অভিযোগে এই যুবককে গ্রেফতার করা হয়েছে। পুলিশ ধৃত যুবককে জিজ্ঞাসাবাদ চালাচ্ছে বলে জানান তিনি।

বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচার অব্যাহত

অসাম্প্রদায়িক বাংলাদেশ কখন ছিল !

সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বইখাতায় আছে বটে কিন্তু রামু, ব্রাহ্মণবেড়িয়ায় হারিয়ে যায় এসব অনেক কথাই। আদৌ কি অসাম্প্রদায়িক বাংলাদেশ কখনো ছিল? যদি সাম্প্রতিক ইতিহাস দেখি তাহলেই আসলে বোঝা যায়। সাল ১৯৯০। অক্টোবরের শেষ দিকের কথা। হঠাৎ গুজব উঠল যে অযোধ্যার বাবরি মসজিদ ভাঙাগ হয়েছে। তারই ফলশ্রুতিতে ৩০ অক্টোবর থেকে নভেম্বরের ২ তারিখ পর্যন্ত চলে তাণ্ডব।

১৯৯২, ৭ ডিসেম্বর। বাংলাদেশ-ইন্ডিয়া ক্রিকেট ম্যাচ হবার কথা। খেলাও শুরু হল। কিন্তু ৮.১ ওভার খেলা হবার পর বন্ধ করতে হয় খেলা। কারণ স্টেডিয়ামের আশেপাশে তখন প্রায় ৫,০০০ মুসলিম তখন রাস্তায় নেমেছে ধর্মরক্ষার জন্য। সকলের হাতেই লোহার রড ও বাঁশের লাঠি। তাদের আন্দোলনে নামাটা আসলেই অনেক যুক্তিসঙ্গত। কারণ বাবরি মসজিদ এবার আসলেই ভাঙা হয়েছে। সেইদিনই আক্রমণের স্বীকার হয় ঢাকার ঢাকেশ্বরী মন্দির, ভোলানাথ গিরি আশ্রম সহ অনেক জায়গায়। এইবারের এই তাণ্ডব চলে প্রায় মার্চ মাস পর্যন্ত। প্রায় ২৮,০০০ হিন্দু ঘরবাড়ি, ২,৭০০ ব্যবসা প্রতিষ্ঠান, ৩,৬০০ মনিন্দর ভাঙা হয় সারা দেশে যার সম্মিলিত ক্ষতি হয়েছিল ২০ লক্ষ টাকা। পুরানো ঢাকা, রায়রেবাজার, ভোলা ক্ষতিগ্রস্ত হয়েছিল সবথেকে বেশি। এছাড়া কক্সবাজারের কুতুবদিয়া উপজেলায় ১৪টি মন্দির সহ ৫১টি হিন্দু ঘরবাড়ি ভাঙা হয়। চট্টগ্রামের ফটিকছড়ি, মীরেশ্বরী গ্রাম পুরো পোড়ানো হয়। পঞ্চাননধাম, তুলসীধাম সহ পাঁচটি মন্দির ভাঙচুর করা হয়। এসবের প্রতিবাদ করে 'লক্ষ্য' বই লেখার জন্যই তো তসলিমা নাসরিনকে তো দেশ ছাড়াই করা হলো। আর ১৯৪৬-এর নোয়াখালি রায়ট, ১৯৫০ এর বরিশাল রায়ট তো বাদই দিলাম।

এই সমস্ত পুরনো কাসুন্দি ঘাঁটার একমাত্র কারণ হরো আমাদের মননটার ইতিহাস দেখানো। এবার আসি রামুর ঘটনায়। বিশদ বিবরণের কোনো প্রয়োজন নেই। সকলেই প্রায় জানি কি ঘটেছিল। সেদিন রামুর বৌদ্ধ বিহারে। একটি ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত। কিন্তু প্রশ্নটা হচ্ছে কাদের প্ররোচনায় বা কাদের মদতে এসব হচ্ছে? প্রশাসন কেন কিছু করতে পারছে না। রামুতে সে সময় যে ওসি ছিলেন ওনার বক্তব্যে উনি বলেছিলেন যে ওনার গায়ে যদি পুলিশের পোষাক না থাকতো তাহলে তিনিও ওই আক্রমণে যোগ দিতেন। যদিও সেই পুলিশ অফিসারকে ক্লোস করা হয়েছিল। বান্দরবনে তাকে আবার ওসি হিসেবেপাঠানো হলো। ২০১৪ সালে দেখলাম সেই লোক আবার একই ধরণের সাম্প্রদায়িক সহিংসতায় উস্কানি দিয়েছে। এই যে পুলিশ বলুন প্রশাসন বলুন সবকিছুর মধ্যে জামাত তাদের লোক ঢুকিয়ে দিয়েছে এইটাও একটা বড় কারণ এইসব প্রতিরোধ করতে না পারার জন্যে। এখন আমাদের উপমহাদেশের মানুষদের একটা বড় সমস্যা হল ধর্মান্ধতা। এটাকে আমি সমস্যাই বলবো। কারণ এই ধর্মান্ধতাই এইসবের মূল কারণ। আর এতে ইন্ধন জোগায় সমাজের স্বার্থলোভী কিছু মানুষ। ব্রাহ্মণবাড়িয়ায় যে ঘটনাটি ঘটল তাও একটা ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র কের। এই ফেসবুক স্ট্যাটাসের বিরুদ্ধে সমাবেশের অনুমতি দিয়েছিল সেখানকার ইউএনও। একজন সরকারি কর্মকর্তা হয়ে তিনি কিভাবে কোনো তদন্ত ছাড়াই এরকম একটি সমাবেশের অনুমতি দিলেন সেটাই এক বিস্ময়ের ব্যাপার। এসব বিষয়ে আসলে বিচার বিভাগীয় তদন্ত করা দরকার এবং শাস্তি দেওয়া দরকার। প্রশাসনের ঠিক কে কে এগুলোর জন্য দায়ী তা বের করে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তি দরকার। কারণ সর্ষের মধ্যই যদি ভূত থাকে তবে এসব কখনোই থামবে না। মওদুদীবাদ নামে একটা টার্ম আছে। কোনো সাম্প্রদায়িক সন্ত্রাস, কোনো জঙ্গীবাদী সন্ত্রাস এদের যে রাজনীতি আছে তা ভাবধারা আছে যেটাই বলি না কেনো আমরা সেটাই মওদুদীবাদ। মওদুদীবাদের ভিতর অন্য কোনো ধর্মের কোনো জায়গা নেই। এমনকি যে মুসলমান মউদুদীবাদের সাথে একমত হবে না তাকেও হত্যা করার কথা মউদুদী বলেছে। বাংলাদেশে এসব সাম্প্রদায়িক দাঙ্গা থাকতো না যদি না বাহাত্তরের সংবিধান পরিবর্তন করা হত। এইজন্য জেনারেল জিয়াকেই দায়ী করা উচিত। কেননা তিনিই সকল দুষ্কর্মগুলো করে রেখে গেছেন। বাহাত্তরে সংবিধানে তো ধর্মনিরপেক্ষতার কথা ছিল। ধর্মের নামে রাজনীতি করা নিষিদ্ধ ছিল, তিনিই তা চালু করলেন। জামাত শিবিরকে রাজনীতিতে পুনর্বাসন করলেন। এটার খেসারত এখন আমাদের দিতে হচ্ছে। বাংলাদেশে যদি ধর্মের নামে রাজনীতি না চালু হতো তবে আজ এই দিন আমাদের দেখতে হতো না। ব্রাহ্মণবাড়িয়ায় এই ৩০০ লোকজনের বাড়ি ভাঙতো না। এই ধর্মের রাজনীতির ফলেই মানুষের মনন পরিবর্তন হয়ে মৌলবাদী হয়ে গিয়েছে। বাংলাদেশের বর্তমান এই অবস্থা ভবিষ্যতে যে কোথায় গিয়ে দাঁড়াবে তা বলা আসলেই খুব মুশকিল হয়ে যাচ্ছে দিন দিন। তবুও আশা রাখি বাংলাদেশ একসময় সত্যিকারের অহিংস, অসাম্প্রদায়িক বাংলাদেশে পরিণত হবে।

(লেখক ঃ সাংবাদিক ও তরুণ লেখক রাজির শর্মা, চট্টগ্রাম, বাংলাদেশ)

ঢাকায় ২ জেএমবি জঙ্গিকে গ্রেপ্তার

গত ১৮ই অক্টোবর, বুধবার ঢাকার সবুজবাগ ও ওয়ারী এলাকা থেকে জেএমবি-র সারোয়ার তামিম গ্রুপের গিয়াসউদ্দিন (৩৪) ও লিটন (৩৪) নামের জেএমবি'র দুই সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব-১১ সদস্যরা। গ্রেফতারকৃত গিয়াসউদ্দিন রূপগঞ্জ থানার সন্ত্রাস দমন আইনের মামলার (নং-২৭) পলাতক আসামী ও লিটন বন্দর থানার সন্ত্রাস দমন আইনের মামলার (নং-৬৯) পলাতক আসামী। বৃহস্পতিবার বিকেলে নারায়ণ গঞ্জের সিদ্ধিরগঞ্জের আদমজীতে অবস্থিত র‍্যাব-১১ এর ব্যাটালিয়ান সদর দফতর থকে র‍্যাব-১১ এর অতিরিক্ত পুলিশ সুপার শাকিল আহমেদের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে তথ্য জানায়। র‍্যাব প্রেস বিজ্ঞপ্তিতে আরো জানায় গিয়াসউদ্দিন ২০১২ সালের মাঝামাঝি জসিমউদ্দিন রাহমানির বাবুর্চি হিসেবে কাজ শুরু করে। এ সময় সে জসিমউদ্দিন রাহমানির উগ্রবাদী বক্তব্য শোনার মধ্য দিয়ে জঙ্গীবাদে উদ্বুদ্ধ হয়। আরিফ হোসেনের মাধ্যম সে জেএমবিতে (সারোয়ার-তামীম গ্রুপ) যোগদান করে এবং নতুন সদস্য নিয়োগের কাজ শুরু করে। সে পরবর্তীতে ঢাকার বিভিন্ন স্থানে রিক্সা চালাতো এবং মাঝে মাঝে ঢাকার বিভিন্ন হোটেলে বাবুর্চির কাজও করত।

এই সকল কাজের অন্তরালে সে জেএমবি-র কাজ করে আসছিল। গ্রেফতারকৃত লিটন ২০১২ সালে জসিমউদ্দিন রাহমানির মসজিদে যাতায়াত শুরু করে এবং জঙ্গীবাদে উদ্বুদ্ধ হয়। ২০১৩ সালে জনৈক মুতাসির এর সাথে তার আত্মীয়তার সম্পর্ক তৈরি হয়। পরে ২০১৫ সালে মুসতাসিরের মাধ্যমে জেএমবিতে (সারোয়ার-তামীম গ্রুপ) যোগদান করে কাজ শুরু করে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার প্রক্রিয়াধীন রয়েছে বলে র‍্যাব জানায়।

মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে অর্ধশতাধিক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ

লক্ষ্মীপুর কতসদর উপজেরার নন্দনপুর কাদেরিয়া দাখিল মাদ্রাসার কৃষি শিক্ষক ইমাম হোসেনের বিরুদ্ধে অর্ধশতাধিক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে সম্প্রতি ২৪ জন ছাত্রী মাদ্রাসা সুপারের কাছে লিখিত অভিযোগ করেছে। তবে এ ঘটনায় মাদ্রাসা সুপার নিয়মরক্ষার কারণ দর্শানোর নোটিশ দিয়েই দায় সেরেছেন বলে অভিযোগ রয়েছে।

এদিকে ছাত্রীদের ধর্ষণের অভিযোগে শনিবার দুপুরে মাদ্রাসা পরিচালনা কমিটির এক সভার আয়োজন করা হয়। এ সময় ওই শিক্ষকের বিচারের দাবিতে শিক্ষার্থী ও স্থানীয় লোকজন ক্ষুব্ধ হয়ে ওঠে। পরিস্থিতি সামলাতে মাদ্রাসা সুপার মাদ্রাসা ছুটি ঘোষণা করেন। খবর পেয়ে পুলিশ মাদ্রাসা থেকে অভিযুক্ত শিক্ষক ইমাম হোসেনকে আটক করে থানায় নিয়ে আসে।

খোঁজ নিয়ে জানা গেছে, নন্দনপুর কাদেরিয়া দাখিল মাদ্রাসায় প্রায় দুই বছর আগে ইমাম হোসেন যোগদান করেন। অভিযুক্ত শিক্ষক নোয়াখালি জেলার বেগমগঞ্জ উপজেলার খানপুর গ্রামের আবদুল খালেকের ছেলে। তিনি শুরু থেকেই ছাত্রীদের প্রাইভেট পড়ানোর সময় ধর্ষণ এবং ক্লাসে যৌন হয়রানি করতেন।

তার যৌন হয়রানি বিষয়টি ছাত্রীরা একাধিকবার সুপারকে জানালেও তিনি কর্ণপাত করেননি। সম্প্রতি পঞ্চম ও অষ্টম শ্রেণির ২৪ জন ছাত্রী লিখিত অভিযোগ করে। পড়ে ইমাম হোসেনকে ১০ অক্টোবর কারণ দর্শানোর নোটিশ দেন সুপার। এরপর ইমাম হোসেন আত্মগোপনে চলে যান। ১২ অক্টোবর তিনি শোকজের জবাব দেন।

নাম প্রকাশে অনিচ্ছুক তিন ছাত্রী জানায়, শিক্ষক ইমাম হোসেন কৌশলে তাদের সাথে শারীরিক সম্পর্ক করেছেন। ওই শিক্ষক তাদের মতো অন্তত ৫০-৬০ জন ছাত্রী সাথে যৌনকর্ম করেছেন। বিষয়টি নিয়ে বাড়াবাড়ি করলে তাদের ক্ষতি হবে বলে চুপ থাকতে বলেন।

মাদ্রাসা সুপার মো. আতিকুর রহমান বলেন, ইমামের বিরুদ্ধে ছাত্রীদের লিখিত অভিযোগ পেয়ে দু'বার তাকে শোকজন করা হয়েছে। জবাবে তিনি অভিযোগ অস্বীকার করেছেন। ওই শিক্ষকের বিচারের দাবিতে শিক্ষার্থী ও স্থানীয় লোকজন ক্ষুব্ধ হয়ে ওঠে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শনিবার দুপুরে মাদ্রাসা ছুটি দেওয়া হয়। রবিবার শিক্ষা কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলবে। মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি সৈয়দ আবুল কাশেম বলেন, বিষয়টি লজ্জাজনক। এ বিষয়ে মাদ্রাসা পরিচালনা কমিটির সভা করা হয়েছে। অভিযুক্ত শিক্ষককে পুলিশের কাছে সোর্পদ করা হয়েছে।

সদর মডেল থানার ওসি মো. লোকমান হোসনে বলেন, অভিযুক্ত শিক্ষককে আটক করা হয়েছে। ছাত্রীদের অভিভাবকরা থানায় এখনো আসেনি। তবে অভিযোগকারী ছাত্রীদের লিখিত অভিযোগের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে দোষী শিক্ষকের বিরুদ্ধে।

কুমিল্লাতে কালীপুজোর মণ্ডপে হামলা মুসলিমদের

পুজোমণ্ডপে মোবাইলের মাধ্যমে হিন্দু মেয়েদের ভিডিও রেকর্ডিং করাকে কেন্দ্র করে মুসলিমরা হামলা চালিয়ে ২টি প্রতিমা ভাঙচুর করেছে। বাংলাদেশের কুমিল্লা উপজেলার অন্তর্গত পীরযাত্রাপুর গ্রামের বর্মন বাড়ির (ঝাড়-বাড়ির) কালীপুজোর মণ্ডপে এই ঘটনা ঘটে ২২ অএক্টাবর রবিবার দুপুরে। জানা যায়, জেলার বুড়িচং উপজেলার পীরযাত্রাপুর ঝাড়বাড়িতে কালীপুজো চলাকালীন হিন্দু মেয়েদের নাচ-গান এন্ড্রয়েড মোবাইলের মাধ্যমে ভিডিও তোলাকে কেন্দ্র করে পূর্বের বিরোধের জের ধরি রবিবার সকালে ঝাড়বাড়ির প্রবাসী অপু সহ ৩-৪ জন হিন্দু যুবককে গোবিন্দপুর বাজার সংলগ্ন ব্রীজের উপর পথরোধ করে তাদেরকে মারধোর করে আহত করে রবিউল ও তার সঙ্গীরা এবং পুনরায় রবিউলের নেতৃত্বে ৫-৭ জন যুবক দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে ওই হিন্দু বাড়ির মন্দিরের প্রতিমা ভাঙচুর করে। কুমিল্লার অতিরিক্ত পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন এবং বুড়িচং থানার ওসি মনোজ কুমার দে, ওসি নজরুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন। রবিবার হরেন্দ্র চন্দর বর্মনের ছেড়ে ওমান প্রবাসী অপু বর্মন (৩০) জেলার হোমনা উপজেলার তার বন্ধুর বাড়িতে টাকা নিয়ে যাওয়ার সময় সকাল ১১টায় স্থানীয় গোবিন্দপুর গোমতী নদীর ব্রীজের উপর তার তিন বন্ধুকে রবিউল ও তার সঙ্গী ৪/৫ জন মিলে পথরোধ করে মারধোর করে আহত করে। রমেশ বর্মন, অপু বর্মন ও শিপন বর্মন বলেন, তাদের সঙ্গে থাকা টাকা মোবাইল ফোন ছিনতাই করে নিয়ে যায়। স্থানীয় লোকজন অপু বর্মন ও রমেশ বর্মনকে উদ্ধার করে বুড়িচং উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। দুপুর ১২টার দিকে ওই যুবকরা মিলে দেশীয় অস্ত্রশস্ত্র ও লাঠি দিয়ে কালীমন্দিরে হামলা চালিয়ে দুটি প্রতিমা ভাঙচুর করে।

এ ব্যাপারে বুড়িচং থানার অফিসার ইনচার্জ মনোজ কুমার দে বলেন, ''খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করি এবং এ ঘটনার সাথে জড়িত থাকা সকলকে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।'' এই রিপোর্ট লেখার আগে জেলার অতিরিক্ত পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন ঘটাস্থল পরিদর্শন করেন এবং তার সত্যতা নিশ্চিত করেন। মামলা প্রক্রিয়াধীন চলছে বলে ওসি মনোজ কুমার দে জানান।

৬ রোহিঙ্গা মুসলিমকে বাংলাদেশে পুশব্যাক করল বিএসএফ

মায়ানমারের গৃহযুদ্ধের কারণে পালিয়ে ভারতে আশ্রয় নেওয়া ৬ রোহিঙ্গাকে বাংলাদেশে পুশব্যাক করেছে সীমান্তবর্তী বাহিনী বিএসএফ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আটককৃতরা হলেন, আব্দুল গনি (৩৫), তার স্ত্রী সালমা খাতুন (৩০), তাদের ছেলে জাহাঙ্গীর আলম (১০), সাইফুল ইসলাম (৩), মেয়ে নূর কলিমা (৬), তছলিমা খাতুন (১০ মাস)। আটকরা বর্তমানে মুজিবনগর থানার হেফাজতে রয়েছে।

পুলিশ জানায় ভোররাতে আটক রোহিঙ্গারা সীমান্ত পেরিয়ে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে অবস্থান নেয়। তাদের কথাবার্তায় সন্দেহ হলে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। পুলিশ তাদের আটক করে থানায় নিয়ে আসে। ধৃতরা পুলিশকে জানায়, সাত মাস আগে মায়ানমারে নির্যাতনের শিকার হয়ে ভারতের পাঞ্জাবে চলে আসে পরে তাদের ভারতীয় পুলিশ আটক করে সীমান্তে নিয়ে আসে। ভোররাতে বিএসএফ গেট খুলে তাদের বাংলাদেশে পাঠিয়ে দেয়।

নাজিরাকোনা বিজিবি ক্যাম্প কমান্ডার হাবিলদার সিরাজুল ইসলাম বলেন, ভারত থেকে রোহিঙ্গাদের বাংলাদেশে পুশব্যাকের বিষয়ে আমরা কিছু জানি না। বিষয়টি খোঁজ দিয়ে দেখছি। এ ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে হবে।

১ম পাতার শেষাংশ

লন্ডনে হাউস অব্ কমন্সে তপন ঘোষ

তৈরির কারখানা মাদ্রাসার প্রসঙ্গ তোলেন। তিনি বলেন, ''যদি কোনো ৫-৬ বছর বয়সের বালক বা বালিকাকে মাদ্রাসায় জিহাদ শেখানো হয়, তাহলে সে একদিন নিজেকে উড়িয়ে দেবে না কি?'' এই ভাষণে তপন ঘোষের যে কথাটি ইংলন্ডের মিডিয়া বা রাজনৈতিক মহলে আলোড়ন ফেলে দিয়েছে তা হল, তিনি শ্রোতাদের কাছে আহ্বান জানান, ''ইউরোপের সমস্ত সাধারণ মানুষ তাদের নিজ নিজ দেশের সরকারের উপর ও সংযুক্ত রাষ্ট্রপুঞ্জের উপর চাপ দিকে যে সৌদি আরব যেন ভারত সহ দক্ষিণ এশিয়ার দেশগুলিতে মাদ্রাসার জন্য টাকা পাঠানো বন্ধ করে। কারণ, এই মাদ্রাসাতেই ধর্মান্ধতার পাঠ দেওয়া হয় ও জঙ্গি তৈরি হয়।'' তিনি আরো বলেন যে তাঁর সংগঠন হিন্দু সংহতি পশ্চিমবঙ্গে হিন্দু ডিফেন্স ফোর্স তৈরির কাজে হাত দিয়েছে, কারণ আমরা পশ্চিমবঙ্গের অবস্থা কাশ্মীরের মতো হতে দিতে চাই না। হিন্দু সংহতি বাংলায় প্রতিরোধ মানসিকতার জন্ম দিতে চায়। তিনি প্রতিরোধ বাহিনীর প্রয়োজনীয়তা প্রসঙ্গে বলেন, ''বাংলার হিন্দুর পায়ের তলার মাটি, মা-বোনের ইজ্জত, মঠ-মন্দির বাঁচানোর জন্যে আজ লড়াইয়ের প্রয়োজন। অনেকেই বলেন যে হিন্দু লড়াই করতে পারে না। আমি এই ধারণায় বিশ্বাসী নই। আমি বিশ্বাস করি যে হিন্দু কোনোদিন লড়াইতে হারে না। হিন্দু সম্প্রদায়ের অনগ্রসর শ্রেণীর যারা তারা যথেষ্ট লড়াকু। আমাদের কর্তব্য তাদেরকে সম্মান করা, তারা যে শ্রদ্ধা পাবার যোগ্য তা তাদেরকে দেওয়া।'' তিনি শ্রোতাদের মনে করিয়ে দেন যে হিন্দু সংহতি একটি অরাজনৈতিক সংগঠন। কারণ তিনি বিশ্বাস করেন যে রাজনীতি করে হিন্দুর ভালো করা যাবে না। তারপর তিনি সবাইকে ধন্যবাদ দিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

পার্লামেন্টের এই অনুষ্ঠানের আর এস এস-এর গ্রেট বৃটেনের প্রধান প্রচারক চন্দ্রকান্ত শর্মা এবং আরও কয়েকজন স্বয়ংসেবক উপস্থিত ছিলেন। তপন ঘোষের মোট ১২ দিনের ইংল্যান্ড সফরে বৃটিশ পার্লামেন্টে ভাষণ ছাড়াও তিনি আরও অনেক স্থান ভ্রমণ করেছেন। লন্ডনের জালারাম মন্দিরে তাঁকে সম্বর্ধনা দেওয়া হয়েছে। সেখানে লর্ড বোর্ণের সামনে তাঁর গুরুত্বপূর্ণ ভাষণ হয়েছে। বিখ্যাত স্বামীনারায়ণ মন্দিরে দেওয়ালী অনুষ্ঠানে তিনি উপস্থিত ছিলেন। সেখানে স্বামীনারায়ণ সম্প্রদায়ের বর্তমান প্রধান মহন্ত স্বামী মহারাজ তপন ঘোষকে আশীর্বাদ করেন ও হিন্দু সংহতির কাজ সম্বন্ধে তাঁকে অবহিত করা হয়। এছাড়া ইসকন মন্দিরে দেওয়ালী উদ্‌যাপনের বিশাল কার্যক্রমে তিনি উপস্থিত ছিলেন। সেই অনুষ্ঠানে রামায়ণ অভিনয় হয় এবং বিশাল আকারে বাজি পোড়ানো হয়। ইসকনের এই মন্দির বিখ্যাত বীটল গায়ক জর্জ হ্যারিসনের বাড়িতে অবস্থিত। সংলগ্ন কয়েকশো একর জমি বর্তমানে এই মন্দিরের সম্পত্তি। সেখানে সুন্দর একটি গোশালা আছে। এসবই তপন ঘোষ পরিদর্শন করেন এবং ইসকনের কর্মকর্তাদের সাথে তাঁর গুরুত্বপূর্ণ আলোচনাও হয়। বার্মিংহামে গিয়ে তিনি শিখ অ্যাসোসিয়েশনের কর্মকর্তা সর্দার মোহন সিং-এর সঙ্গে দেখা করেন এবং শিখ মেয়েরা যে মুসলিমদের দ্বারা যৌন শোষণের শিকার হচ্ছে, ইংলন্ডে একে বলে গ্রুমিং, সে বিষয়ে আলোচনা করেন।

এছাড়া ওখানে একজন বিখ্যাত জেহাদ বিরোধী নেতা টমি রবিনসন ও তাঁর দুই সহযোগী এসে তপন ঘোষের সঙ্গে দেখা করেন। দু'জনের মধ্যে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। এই সফরে তিনি আরও অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তির সঙ্গে দেখা ও আলোচনা করেন।

গত ২৬ অক্টোবর তিনি কলকাতার মাটিতে পা রাখেন। নেতাজী সুভাষ আন্তর্জাতিক বিমানবন্দরে হিন্দু সংহতির বর্তমান সভাপতিসহ হাজার হাজার কর্মী তাঁকে বিপুল সংবর্ধনায় ভূষিত করেন।

রায়গঞ্জে সংহতি কর্মী জেল থেকে মুক্ত

১০ অক্টোবর উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে পুলিশের কাছে আটক হিন্দু সংহতির যোদ্ধা, রাড়িয়ার বাসিন্দা বিনয় রায় এবং মালঞ্চ নিবাসী বাবলু বর্মণ আদালত থেকে জামিন পেল। তাদেরকে আনতে আশপাশের এলাকা থেকে শতাধিক হিন্দু সংহতি কর্মী উপস্থিত হয়েছিল জেলের বাইরে। হিন্দু সংহতি কর্মীরা ছাড়া পাওয়ার পরে তাদেরকে ফুলের মালা পরিয়ে বীরোচিত সংবর্ধনা দিয়ে বরণ করে নেয় হিন্দু সংহতির অন্যান্য যোদ্ধাগণ, তারপর তাদেরকে নিয়ে মিছিল করে সংহতি কর্মীরা তাদেরকে বাড়ি পৌঁছে দেয়। এই সংহতি কর্মীরা কিছুদিন আগে রায়গঞ্জ ও আশেপাশের এলাকাতে ঈদের দিনের মন্দিরের সামনে গরুর রক্ত ফেলাকে কেন্দ্র করে ঘটে যাওয়া দাঙ্গাতে গ্রেপ্তার হয়েছিল। হিন্দু সংহতি প্রথম থেকেই এই গ্রেপ্তার হওয়া কর্মীদের পরিবারের পাশে ছিল।

শ্যামবাজারে বিরিয়ানিতে গো-মাংস

শ্যামবাজারের ১৮এ, আর.জি.কর রোড, কল-৪ এর বিরিয়ানির দোকান হাজিদা বিরিয়ানি। বিরিয়ানি প্রেমী হিন্দুদের কাছে এই দোকানের মাটন বিরিয়ানি খুব বিখ্যাত। কিন্তু ওই দোকানের বিরিয়ানিতে মটন বলে গরুর মাংস মেশানোর সময় একজন ক্রেতার নজরে পড়ে। তিনি পুরো ঘটনা উল্টোডাঙ্গা পুলিশ স্টেশনে লিখিতভাবে জানান। পুলিশ ওই দিন রাতেই দোকানের এক কর্মচারীকে গ্রেফতার করে এবং দোকানটি বন্ধ করে দেয়। তবে দোকান মালিক পলাতক।

আক্রমণে জখম বিএসএফ জওয়ান

গত ১২ই অক্টোবর রাতে তুফানগঞ্জে দুষ্কৃতিদের হামলায় গুরুতর জখন হয়েছেন বিএসএফের হেড কনস্টেবল রামচরণ সিং। তিনি কোচবিহার এমজেএন হাসপাতলে চিকিৎসাধীন রয়েছেন। তিনি তুফানগঞ্জের বালাভূতের ঝাউকুঠিতে গোয়েন্দা বিভাগে কর্তব্যরত ছিলেন। ঐদিন রাত ৮টা নাগাদ সীমান্ত থেকে সাইকেলে করে ক্যাম্পে ফিরছিলেন। রাস্তায় দুষ্কৃতিরা তাকে আক্রমণ করে প্রচণ্ড মারধোর করে। খবর পেয়ে অন্যান্য জওয়ানরা তাঁকে উদ্ধার করে তুফানগঞ্জ হাসপাতালে নিয়ে যায়। পরে তাঁকে কোচবিহার এমজেএন হাসপাতালে রেফার করা হয়। দুষ্কৃতিরা পালিয়ে যায়। ওই ঘটনায় তুফানগঞ্জ থানায় অভিযোগ জানিয়েছে বিএসএফ।

আলিপুরদুয়ারে উদ্ধার আদিবাসী যুবতী

বেশিরভাগ চা বাগানই বন্ধ। কাজ নেই, বাড়িতে অভাব। আর সেই সুযোগকে কাজে লাগিয়ে আদিবাসী পরিবারের মেয়েদেরকে পাচার করে দেওয়া হচ্ছে ভারতের অন্য রাজ্যের যৌনপল্লীতে. রীতিমতো দলবেঁধে পাচারকারীরা ঘাঁটি গেড়েছে চা বাগানগুলিতে। কালচিনি থানার পুলিশ ১৪ই অক্টোবর, সকালে হাসিমারা থেকে এই রকমই দুই আদিবাসী যুবতীকে উদ্ধার করে। নারীপাচারের অভিযোগে এদিনই পুলিশ এক মহিলাকে আটক করে এবং এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। কালচিনি থানার ওসি লাকপা লামা বলেন, কালচিনির একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সাহায্যে চা বাগানের দুই যুবতীকে এদিন হাসিমারা থেকে উদ্ধার করা হয়েছে। সাদ্দাম হোসেন নামে নারীপাচার চক্রের এক পাণ্ডাকে গ্রেপ্তার করা হয়েছে। পাচার চক্রের সঙ্গে যুক্ত এক মহিলা এজেন্টকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। সমস্ত আইনি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর দুই যুবতীকে তাদের পরিবারের হাতে তুলে দেওয়া হবে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া দুই যুবতীর বাড়ি কালচিনি ভাতখাওয়া চা বাগানে।

হিন্দুবীর দয়াল বর্মনকে জেল থেকে ছাড়িয়ে আনলো হিন্দু সংহতি

যারা হিন্দুর স্বার্থে জিহাদি শক্তির বিরুদ্ধে লড়েছে, হিন্দু সংহতি জন্মলগ্ন থেকেই তাদের পাশে দাঁড়িয়েছে। এবারও তার অন্যথা হলো না। রায়গঞ্জের হিন্দু সংহতির কর্মী দয়াল বর্মনকে হিন্দু সংহতি জেল থেকে ছাড়িয়ে আনলো গত ১২ই অক্টোবর। দয়াল বর্মন উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ থানার অন্তর্গত ভটোসা গ্রামের বাসিন্দা। গত দুর্গাপূজায় মহাষ্টমীর দিন গ্রামের দুর্গামণ্ডপে অঞ্জলি হচ্ছিল। কিন্তু তখন গ্রামের মসজিদে আজানও চলছিল জোরকদমে। অনেকেই মুসলিমদের অনুরোধ করেন মাইকের আজানটা অঞ্জলির সময় বন্ধ রাখার জন্য। কিন্তু তারা সেকথা শোনেনি। তখন গ্রামের বীর যুবক দয়াল বর্মন একাই মসজিদে উঠে মাইক খুলে নামিয়ে নেন। মহাঅষ্টমীর অঞ্জলিও শেষ হয় নির্বিঘ্নে। কিন্তু মসজিদের পক্ষ থেকে দয়ালের বিরুদ্ধে রায়গঞ্জ থানায় অভিযোগ দায়ের করা হয়। ওইদিনই পুলিশ দয়ালকে গ্রেপ্তার করে। জেল থেকে মুক্তি পাওয়ার পর দয়ালকে মালা দিয়ে বরণ করে নেয় হিন্দু সংহতি কর্মীরা।

আসামের মাজুলিতে মুসলিম অনুপ্রবেশকারী গ্রেপ্তার, রোহিঙ্গা বলে সন্দেহ

অবৈধ বাংলাদেশির আগ্রাসন থেকে বাদ পড়েনি মাজুলি। এখানে দলে দলে আসছে বাংলাদেশি মুসলমান। কোলে ছোট ছোট শিশু নিয়ে প্রায় অর্ধশতাধিক মহিলা-পুরুষ মাজুলিতে এসেছে। গত ২২শে অক্টোবর বিকেলে বাংলাদেশি ওই দলকে মাজুলির ফুলনি চারালিতে দেখে চোখ ছানাবড়া স্থানীয় জনসাধারণের। কেউ কেউ এদের রোহিঙ্গা মুসলিম বলে মনে করে আঁতকে ওঠেন। মাজুলি মহকুমা ছাত্র সংস্থার নেতৃত্বে স্থানীয় জনতার সহযোগিতায় সন্দেহভাজন পুরুষ-মহিলা এবং ছোট ছোট শিশু, বালক-বালিকাদের ধরে মাজুলব জেংরাইমুখ থানার হাতে তুলে দেওয়া হয়েছে। তবে এ ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে মাজুলিতে।

সূত্রের খবর, এরা বরপেটা জেলার কোথাও দীর্ঘদিন গোপনে ছিল। এবার দিগবিদিগশূন্য হয়ে এইসব বাংলাদেশি মধ্য অসম পার হয়ে উজানের লখিমপুর জেলা হয়ে মাজুলিতে দলে দলে আসছে। লক্ষণীয়, এদের কেউ অসমিয়া ভাষা বোঝে না। সাংবাদিক বা পুলিশের অসমিয়ায় ভাষায় কোনও জিজ্ঞাসার উত্তর দিতে পারছে না তারা। এমতাবস্থায় এদের নিয়ে ফাঁপরে পড়েছে মাজুলির পুলিশ প্রশাসন।

নারীপাচারকারীদের হাতে আক্রান্ত পুলিশকর্মী

নারী পাচারকারী কালাম তরফদারকে গ্রেপ্তার করতে গিয়ে তার প্রতিবেশী ও সঙ্গীদের হাতে বেধড়ক মার খেলেন পুলিশকর্মীরা। ঘটনাটি গত ১৪ই অক্টোবর উত্তর ২৪ পরগণা জেলার গোপালনগর থানার অন্তর্গত গঙ্গানন্দপুর পঞ্চায়েতের মাঝডোবা গ্রামে। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় এক মহিলা এএসআই সহ দুই পুলিশকর্মী আহত হয়েছেন। গত ১২ই অক্টোবর, বৃহস্পতিবার কলকাতার হেয়ার স্ট্রিট থানার পুলিশ গোলাম মোস্তাফা নামের এক নারী পাচারকারীকে গ্রেপ্তার করে। তার সহযোগী কালাম তরফদারকে ধরতে হেয়ার স্ট্রিট থানার পুলিশ গোপালনগর থানার পুলিশকে নিয়ে ওই গ্রামে যায়। তখনই আক্রান্ত হয় পুলিশ। বলাইবাহুল্য, পুলিশকে আক্রমণকারীর সকলেই ছিল সংখ্যালঘু সম্প্রদায়ের।

PRINTER & PUBLISHER : TAPAN KUMAR GHOSH, ON BEHALF OF OWNER TAPAN KUMAR GHOSH, PRINTED AT MAHAMAYA PRESS & BINDING, 23 Madan Mitra Lane, P.S. : Amherst Street, Kolkata - 700 006, Published at : 393/3F/6, Prince Anwar Shah Road, Flat No. 8, 4th Floor, Police Station Jadavpur, Kolkata 700 068, South 24 Parganas,
Editor's Name & Address : Samir Guha Roy, 5, Bhuban Dhar Lane, Kolkata - 700 012, Phone : 7407818686